**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
প্রশাসন-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১১২.১১.০০৪৭.২৪.**১০২**

তারিখ : ১২ মাঘ ১৪৩১ / ২৬ জানুয়ারি ২০২৫

# নিয়োগপত্র

সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের রাজস্বখাতভুক্ত ২০তম গ্রেডের **'অফিস সহায়ক'** পদে নিম্নবর্ণিত প্রার্থীদের-কে 'বাংলাদেশ সচিবালয় (ক্যাডার বহির্ভূত গেজেটেড কর্মকর্তা এবং নন-গেজেটেড কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৪ (সংশোধিত ০৫ নভেম্বর, ২০২০)' ও 'চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫' অনুযায়ী তাদের নামের পার্শ্বে বর্ণিত বেতনস্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে মেধাক্রম অনুযায়ী অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| মেধাক্রম | প্রার্থীর রোল নম্বর | নাম, পিতা/স্বামী ও মাতার নাম | নিজ জেলা | বেতনস্কেল |
|---|---|---|---|---|
| ১ | ১৪০১০০২ | জনাব সুশান্ত কুমার বিশ্বাস<br>পিতা: রবীন্দ্রনাথ বিশ্বাস<br>মাতা: জ্যোৎস্না বিশ্বাস | সাতক্ষীরা | গ্রেড-২০ : ৮২৫০-২০০১০<br>(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) |
| ২ | ১৪০০৬৭৩ | জনাব আল আমিন<br>পিতা: মোয়াজ্জেম<br>মাতা: রিনা বেগম | মাদারীপুর | গ্রেড-২০ : ৮২৫০-২০০১০<br>(জাতীয় বেতনস্কেল-২০১৫ অনুযায়ী) |

**নিয়োগের শর্তাবলি:**

(ক) যোগদানের তারিখ থেকে এ নিয়োগ কার্যকর হবে;

(খ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণ যোগদানের তারিখ হতে ২ (দুই) বৎসরের জন্য শিক্ষানবিশ হিসেবে কর্মরত থাকবেন। প্রয়োজনে নিয়োগকারী কর্তৃপক্ষ এ শিক্ষানবিশকাল অনুর্ধ্ব ২ (দুই) বছর বর্ধিত করতে পারবে। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তাহলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন;

(গ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণের পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশি তদন্ত প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশি তদন্ত প্রতিবেদন সন্তোষজনক না হলে এবং নিয়োগপ্রাপ্ত প্রার্থীর স্থায়ী ঠিকানা সম্পর্কে ভবিষ্যতে কোন প্রকার গরমিল প্রমাণিত হলে কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত প্রার্থী/প্রার্থীগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক ডোপ টেস্ট রিপোর্ট এবং শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার প্রতিবেদনে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারী দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;

(ঙ) সরকারি আদেশবলে সময়ে সময়ে, যে পরীক্ষা বা প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে, সে পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে বা প্রশিক্ষণ গ্রহণ করতে হবে;

(চ) নিয়োগপ্রাপ্ত কোনো প্রার্থী যদি বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকারাবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(ছ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তার চাকরি নিয়ন্ত্রিত হবে;

(জ) যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে;

(ঝ) এ চাকরিতে যোগদানের জন্য প্রার্থী কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা পাবেন না।

চলমান পাতা-০২ দ্রষ্টব্য :

পূর্ববর্তী পৃষ্ঠার পর :

০২। উপরি-উক্ত শর্তাবলির আওতায় চাকরিতে যোগদানে সম্মত হলে আগামী **১৬/০২/২০২৫** তারিখের মধ্যে সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর যোগদানপত্র দাখিল করতে হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে।

২৬/০১/২৫

(মোহাঃ খালিদ হোসেন)
উপসচিব
ফোন: ০২-৯৫১২৬৫২
e-mail: ds_admin2@moca.gov.bd

স্মারক নম্বর: ৪৩.০০.০০০০.০০০.১১২.১১.০০৪৭.২৪.**১০২**

তারিখ : ১২ মাঘ ১৪৩১ / ২৬ জানুয়ারি ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (প্রশাসন), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫। যুগ্মসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬। উপসচিব (নিরাপত্তা অধিশাখা-২), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০৯। সিনিয়র সহকারী সচিব ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১০। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
১৩। হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪। **জনাব সুশান্ত কুমার বিশ্বাস, পিতা: রবীন্দ্রনাথ বিশ্বাস, মাতা: জ্যোৎস্না বিশ্বাস, স্থায়ী ঠিকানা: গ্রাম-কামালকাটি, ডাকঘর-শোভনালী-৯৪৬০, ওয়ার্ড নং ০৫, উপজেলা-আশাশুনি, জেলা-সাতক্ষীরা।**
১৫। **জনাব আল আমিন, পিতা: মোয়াজ্জেম, মাতা: রিনা বেগম, স্থায়ী ঠিকানা: গ্রাম-উত্তর রমজানপুর, হোল্ডিং নং-২৫৬, ওয়ার্ড নং-০১, ডাকঘর-উত্তর রমজানপুর-৭৯২০, উপজেলা-কালকিনি, জেলা-মাদারীপুর।**
১৬। অফিস কপি/গার্ড ফাইল।

২৬/০১/২৫

(মোহাঃ খালিদ হোসেন)
উপসচিব।